আজ চেষ্টা করা হচ্ছে মুক্তিযুদ্ধকে ভুলিয়ে দেবার,নির্বাচন বানচাল করার

শামসুল আলম, ঠাকুরগাঁও:: আজকে একটা চেষ্টা করা হচ্ছে মুক্তিযুদ্ধটাকে ভুলিয়ে দেবার। ৭১ এ কিছু হয়নি, আমরা কিছুই করিনি, দেশটার জন্য আমরা কোন অবদানই রাখিনি। ২৪ এ যারা করেছে তারাই সব করেছে। এমন একটা ধারনা দেয়া হচ্ছে। এদের প্রতিহত করতে হবে বলে মন্তব্য করেছেন বিএনপি’র মহাসচীব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার সকালে জেলা মুক্তিযোদ্ধা কমপে¬ক্স ভবনে জেলার মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা সন্তানদের সাথে মতবিনিময় কালে প্রধান অতিথির বক্তব্যে এসব মন্তব্য করেন তিনি।

মির্জা আলমগীর বলেন, ২৪ কে আমি ভুলতে পারবো? ২৪ না হলে নতুন বাংলাদেশ হতোনা। তেমনি ৭১ কে আমরা ভুলতে পারবো না। আজকে তোমাদের জন্মই হয়েছে এ দেশে। আমি তোমাদের পায়ে পড়ছি, একথাটা কখনও ভুলবানা। ৭১ এ আমার হাজার হাজার ভাইকে শহীদ করা হয়েছে,৭১ এ লক্ষ মানুষকে বাড়ি ছাড়া হতে হয়েছে। ওই ৭১ এই আমাদের অগনিত মা বোনকে পাশবিক নির্যাতন করে অত্যাচার করা হয়েছে। এসব আমরা ভুলতে পারিনা।

তিনি বলেন, আজকে সুপরিকল্পিত ভাবে একটি মহল যারা ৭১ এ পাকিস্থানি হানাদার বাহিনীর সাথে যোগসাজস করে এ দেশের মুক্তিযোদ্ধাদের হত্যা করেছে,তাদের মেয়েদের পাক বাহিনীর হাতে তুলে দিয়েছিলো, তাদের সাথে কি এ দেশের মানুষ আপস করতে পারে?

নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, নির্বাচনকে পিছিয়ে দেওয়া এবং নির্বাচনকে বানচাল করার চেষ্টা করা হচ্ছে। এটা হলে আমাদের সর্বনাশ হবে, এ দেশের সর্বনাশ হবে। আর কোন কাল ক্ষেপন না করে নির্বাচন এক দিনের জন্যও পেছাবেন না দয়াকরে।

মুক্তিযোদ্ধাদের প্রসঙ্গে মির্জা আলমগীর বলেন, স্বাধীনতার ঘোষক জিয়াউর রহমান বীর মুক্তিযোদ্ধাদের নিয়ে ভেবেছেন। আমাদের পার্টির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া মুক্তিযোদ্ধা মন্ত্রনালয় তৈরী